নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩. ৫৬৩৯ তারিখঃ- ১০ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

# দরপত্র বিজ্ঞপ্তি(RFQ)

**বিষয়ঃ "লিফলেট" ছাপানোর নিমিত্ত কোটেশন প্রদান অনুরোধ জ্ঞাপন(RFQ) পদ্ধতিতে দর দাখিল প্রসঙ্গে।**

বিদ্যুতের সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার স্বার্থে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি সম্পর্কে গ্রাহকদের নিয়মিত অবহিত করা ও সাশ্রয়ী বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সচেতনাতামূলক প্রচারনার জন্য "গণ লিফলেট" বিতরণের লক্ষ্যে কোটেশন প্রদান অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বাংলাদেশি প্রকৃত ব্যবসায়ী/প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

| দরপত্র নং | বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক দর(টাকা) | উদ্ধৃত মোট দর(টাকা) |
|---|---|---|---|---|
| ৬১/২০২২-২০২৩ | **গণ লিফলেটঃ** নিউজপ্রিন্ট কাগজে এক পৃষ্ঠায় উন্নতমানের অফসেট সাইজঃ ৮.৫"×৫.৭৫" , ০১ পাতার একপাশে ছাপা, (নমুনা মোতাবকে)। | ৩৭০,০০০কপি (তিন লক্ষ সত্তর হাজার) | | |
| | (কথায়ঃ ..........................................................) মোট= | | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আগামী ৩১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন সোনারগাঁ, নারায়ণগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে হইবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হইবে না। প্রাপ্ত দরপত্রসমূহ ঐ দিনই অর্থাৎ আগামী ৩১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১.০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাইবে না।

০২। খামের উপর স্পষ্টাক্ষরে "লিফলেট" সরবরাহের দরপত্র কথাটি লিখিতে হইবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হইবে না। মালামালের মূল্য অবশ্যই উপরে বর্ণিত স্পেসিফিকেশন ও সংখ্যা অনুযায়ী হইতে হইবে। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরমিাণ কম/বেশি হইতে পারে।

০৩। দরপত্রের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র, ব্যাংক সলভেন্সি সনদ, পল্লী বিদ্যুৎ সমিতি-তে উল্লিখিত মালামাল সরবরাহের অভিজ্ঞতা (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

০৪। দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। উদ্ধৃত দরের মধ্যে কোন প্রকার গাণিতিক ভুল থাকিলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচিত হইবে।

০৫। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে বর্ণিত লিফলেট সম্পূর্ণ নিজ দায়িত্বে ও খরচে নিজস্ব ব্যবস্থাপনায় অত্র পবিস সদর দপ্তরে পৌঁছাইতে হইবে

০৬। দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমান হইলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (২০০৮) এর ৯৮ অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হইবে।

০৭। সন্তোষজনকভাবে মালামাল বুঝাইয়া দেওয়া/নেওয়ার পর সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে।

০৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করিবার ক্ষমতা অত্র পবসি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। শর্তাবলীতে উল্লখে নাই এমন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো)

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৪। পুলিশ সুপার,নারায়ণগঞ্জ।

৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...................................... পবিস-১/২/৩/৪।
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা,সোনারগাঁ,বন্দর ।
৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
৮। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর), নারায়ণগঞ্জ পবিস-১।
৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
১০। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।
১১। মের্সাস.............................................................................।
১২। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন**
**ফলে আপনার বিদ্যুৎ বিল কমে আসবে।**
**এতে আপনার যেমন লাভ তথা দেশের লাভ**

## বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে সম্মানীত বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহবান

বিদ্যুৎ গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ পৌঁছে দিতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ বছর পবিত্র রমজান, গ্রীষ্মকাল ও সেচ মৌসুম একই সময় হওয়ায় বিদ্যুতের চাহিদা অত্যাধিক বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে বর্তমানে বৈশ্বিক পরিস্থিতি এবং আন্তর্জাতিক বাজারে বিদ্যুৎ উৎপাদনে জ্বালানির মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। সম্মানিত গ্রাহকগণকে বিদ্যুতের অপচয় রোধ ও বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে নিম্নোক্ত বিষয়সমূহ পালনের জন্য আহবান জানানো হচ্ছে:

- বিদ্যুতের অপচয় রোধে বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করুন;
- দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখুন ও সূর্যের আলো ব্যবহার করুন;
- মসজিদ, শপিংমল, ডিপার্টমেন্টাল স্টোর ও অন্যান্য বাণিজ্যিক প্রতিষ্ঠানে এসি'র তাপমাত্রা ২৫°C এর উপরে রাখুন;
- দোকানপাট, শপিংমল, বিপনী বিতান, পেট্রোল পাম্প ও সিএনজি গ্যাস স্টেশনে প্রয়োজনের অতিরিক্ত বাতির ব্যবহার পরিহার করুন;
- পিক আওয়ারে রি-রোলিং মিল, ওয়াশিং মেশিন, ওয়েল্ডিং মেশিন, ওভেন ও ইস্ত্রির ব্যবহার বন্ধ রাখুন;
- ইজিবাইক, অটো রিক্সা ইত্যাদি অবৈধভাবে চার্জিং হতে বিরত থাকুন;
- অফপিক সময়ে রাত ১১:০০ ঘটিকা হতে পরদিন সকাল ৯:০০ ঘটিকা পর্যন্ত সেচ পাম্প চালান;
- সেচ পাম্পে সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতে Wet & Dry পদ্ধতিতে সেচের ব্যবস্থা গ্রহণ;

কোন কারনে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে ধৈর্য্য সহকারে কর্তৃপক্ষকে সহযোগিতা করুন। প্রয়োজনে বিদ্যুৎ বিভাগের হট লাইন নম্বর (১৬৯৯৯) এ যোগাযোগের জন্য অনুরোধ করা হচ্ছে।

বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়